

রাজশাহী বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

বিজ্ঞপ্তি

স্মারক নং: ৩৭৬/জস


০৩.১০.২০২২

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষায় পাস নম্বরপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নির্বাচনী সাক্ষাৎকার নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী ডীনস্ কমপ্লেক্সে লাউঞ্জে অনুষ্ঠিত হবে:

তারিখ	সময়	ইউনিট
২০.১০.২০২২ বৃহস্পতিবার	সকাল ৯.০০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	A, B, C

উল্লিখিত কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিচে উল্লিখিত কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে: ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড; খ) পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র; এবং গ) ক্ষুদ্র নৃগোষ্ঠী হিসেবে গোত্র প্রধানের দেয়া প্রত্যয়নপত্র/প্রমাণপত্রসহ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র/প্রমাণপত্র।

প্রাথমিকভাবে নির্বাচিত কোনো শিক্ষার্থীর নাম একাধিক ইউনিটে থাকলেও সাক্ষাৎকারে কেবল একবার অংশগ্রহণ করতে হবে। তিনটি পৃথক বোর্ডে রোল নম্বরের ক্রমানুসারে সাক্ষাৎকার নেয়া হবে। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.ru.ac.bd-এ পাওয়া যাবে। তালিকায় তথ্যগত কোনো ত্রুটি থাকলে তা সংশোধনযোগ্য।



প্রফেসর প্রদীপ কুমার সাহা
সদস্য-সচিব

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থী নির্বাচন কমিটি ও
প্রশাসক, জনসংযোগ দপ্তর